

# সমন্বয় সাধন প্রক্রিয়া

## Adjusting Procedure



### ভূমিকা

### Introduction

আমরা জানি, কোনো প্রতিষ্ঠানের একটি হিসাবকালের সকল লেনদেন সংশ্লিষ্ট হিসাব বছরে শেষ না হয়ে একাধিক বছরে ব্যস্ত হতে পারে। আবার, যেকোনো প্রতিষ্ঠানের একটি নির্দিষ্ট হিসাবকাল শেষে সঠিক আর্থিক অবস্থা জানার প্রয়োজন হতে পারে। এমতাবস্থায়ই প্রতিষ্ঠানের লেনদেনগুলোর জন্য সমন্বয় দাখিলার প্রয়োজন হয়। কোনো হিসাব বছরের আয়ব্যয় সংশ্লিষ্ট হিসাবকালেই দেখাতে হয়, কিন্তু সে আয়ব্যয় সংশ্লিষ্ট হিসাবকালে নগদে পাওয়া নাও যেতে পারে বা প্রদান করা নাও হতে পারে। যেমন: ডিসেম্বর মাসের বেতন পরবর্তী বছরের জানুয়ারী মাসে প্রদান হতে পারে। আবার ডিসেম্বর মাসে প্রদত্ত সেবা আয় জানুয়ারি মাসে পাওয়া যেতে পারে। সমন্বয় জাবেদার মাধ্যমে বকেয়া বা অগ্রিম বিষয়গুলো বিবেচনায় এনে প্রকৃত আয়ব্যয় নিরূপণ করতে হয়। এ জন্যই সমন্বয় দাখিলার প্রয়োজন।



ইউনিট সমাপ্তির সময়

ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ১ সপ্তাহ

### এই ইউনিটের পাঠসমূহ

- পাঠ ৩.১ : সমন্বয় দাখিলার সংজ্ঞা ও প্রয়োজনীয়তা
- পাঠ ৩.২ : সমন্বয় দাখিলার প্রকারভেদ ও নিয়মাবলি
- পাঠ ৩.৩ : নগদানভিত্তিক ও বকেয়াভিত্তিক হিসাবরক্ষণ
- পাঠ ৩.৪ : সমাপনী দাখিলা ও বিপরীত দাখিলা
- পাঠ ৩.৫ : সমন্বয় দাখিলা : গাণিতিক সমস্যা ও এর সমাধান

## পাঠ-৩.১

## সমন্বয় দাখিলার সংজ্ঞা ও প্রয়োজনীয়তা

## Definition and Necessity of Adjusting Entries



## উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- সমন্বয় দাখিলা কি তা বলতে পারবেন।
- সমন্বয় দাখিলার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।



## সমন্বয় দাখিলার সংজ্ঞা

## Definition of adjusting entries

একটি হিসাবকালের সকল লেনদেন সংশ্লিষ্ট হিসাব বছরে শেষ না হয়ে একাধিক বছরে ব্যপ্ত হতে পারে। চূড়ান্ত আর্থিক বিবরণী প্রণয়ন পূর্ববর্তী ও পরবর্তী হিসাবকালের যাবতীয় আয়ব্যয়কে সমন্বয় করতে হয় এবং সংশ্লিষ্ট হিসাবকালের যাবতীয় আয়ব্যয়কে হিসাবভুক্ত করে ঐ হিসাব সনের প্রকৃত আর্থিক ফলাফল অর্থাৎ নিট আয় বা নিট ক্ষতি নিরূপণ করা হয়। আর এরূপ নিট আয় বা নিট ক্ষতি নিরূপণের জন্য অসম্বিত আইটেমগুলোকে বা দফাগুলোকে যে জাবেদা দাখিলার মাধ্যমে হিসাবভুক্ত করা হয় তাকে সমন্বয় দাখিলা বলা হয়। আবার সহজ কথায় বলা যায়, বকেয়া আয়, বকেয়া ব্যয় বা খরচ, অগ্রিম প্রদত্ত খরচ, অনাদায়ি পাওনা সঞ্চিতি, অবচয় ইত্যাদি বিষয়সমূহকে সংশ্লিষ্ট হিসাবখাতের সাথে সমন্বয়সাধন (যোগ বা বিয়োগ) করার জন্য যে দাখিলা ব্যবহার করা হয় তাকে সমন্বয় দাখিলা বলা হয়। হিসাবকাল শেষে হিসাবসমূহের ব্যালেন্সকে হালনাগাদ (Update) করার জন্য যে জাবেদা দাখিলা দেওয়া হয় তাকে সমন্বয় দাখিলা বলা হয়। সমন্বয় দাখিলা সম্পর্কে প্রদত্ত বিভিন্ন লেখকের সংজ্ঞা নিম্নে প্রদত্ত হলো:

1. **Weygandt , Kieso & Kimmel** বলেন, "Adjusting entries are made at the end of an accounting period for the revenue recognition and matching principles" অর্থাৎ আয় স্বীকৃতির নীতি ও মিলকরণ নীতির অনুসরণ নিশ্চিত হওয়ার জন্য সমন্বয় দাখিলার প্রয়োজন হয়।
2. **Pyle & Larson** বলেন, "Adjusting entries are journal entries to assign revenues to the period in which earned and to match revenue and expenses." অর্থাৎ নির্দিষ্ট সময়ের আয় নির্ধারণ এবং আয়ের সাথে ব্যয় সমন্বয়ের জন্য যে জাবেদার প্রয়োজন হয় তাকে সমন্বয় দাখিলা বলা হয়।

উপরিউক্ত সংজ্ঞাগুলোর আলোকে বলা যায়, আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতের প্রাক্কালে রেওয়ামিলভুক্ত লিখিত হিসাবের জেরসমূহের অসম্পূর্ণতা হেতু লাভ-লোকসান নির্ণয়ের সঠিকতা ও সম্পত্তি দায়ের ন্যায্য চিত্র (Fair view) প্রদর্শনের নিমিত্তে, হিসাববিজ্ঞানের আয় চিহ্নিতকরণ নীতি (Revenue recognition principles) ও আয়-ব্যয়ের মিলকরণ (Matching principle) নীতি মোতাবেক অসম্বিত লেনদেনসমূহ হিসাবভুক্ত করার প্রয়োজন হয়, সেগুলো হিসাবভুক্ত করার জন্য প্রদত্ত জাবেদা দাখিলাই সমন্বয় দাখিলা।

## সমন্বয় দাখিলার প্রয়োজনীয়তা

## Necessity of adjusting entries

প্রতিটি হিসাবকাল শেষে কারবারের ফলাফল নির্ণয় এবং আর্থিক অবস্থা প্রদর্শন করা হিসাববিজ্ঞানের অন্যতম প্রধান উদ্দেশ্য। আয় চিহ্নিতকরণ নীতি (Revenue Recognition Principle) ও আয়ব্যয় সংযোগ নীতি (Matching Principle) নিশ্চিত করণের জন্য সমন্বয় এন্ট্রির প্রয়োজন হয়। কোনো প্রতিষ্ঠানের একটি আর্থিক বছরের সঠিক Financial reporting এর জন্যই Adjusting entries এর প্রয়োজন হয়।

সমন্বয় এন্ট্রি দেয়ার ফলে প্রতিষ্ঠানের নির্দিষ্ট হিসাবকালের সঠিক মুনাফা বা ক্ষতি যেমন জানা যায় তেমনি প্রতিষ্ঠানের সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্ব সম্পর্কে সঠিক তথ্য জানা সম্ভব হয়। হিসাবকালের অপরিশোধিত খরচ, অপ্রাপ্ত আয়, সম্পত্তির অবচয়, অগ্রিম প্রদত্ত খরচ, অগ্রিম প্রাপ্য আয়কে হিসাবে ধরা না হলে প্রতিষ্ঠানের সঠিক সম্পত্তি, দায়, মালিকানা স্বত্ব, মুনাফা বা ক্ষতির পরিমাণ জানা সম্ভব হবে না।

রেওয়ামিলে অনেক সময় হালনাগাদ (Update) তথ্য নাও থাকতে পারে। বিশেষ করে অগ্রিম প্রদত্ত খরচ, বকেয়া খরচ, সম্পত্তির অবচয়, মেয়াদান্তিক বিল প্রাপ্তি, ব্যবহৃত সাপ্লাইজ, সম্পত্তির বাজারমূল্য বহুর শেষে নির্ধারণ ইত্যাদি নানা কারণে সমন্বয় দাখিলা দিতে হয়।

নিম্নে সমন্বয় দাখিলার গুরুত্ব বর্ণনা করা হলো:

- ১। **হিসাবকালের সঠিক আয়ব্যয় নির্ণয় (Determination of accurate income expenditure in accounting period) :** সংশ্লিষ্ট হিসাবকালের সঠিক আয়ব্যয়ের হিসাব রাখার জন্য সমন্বয় দাখিলার প্রয়োজন হয়।
- ২। **বকেয়া ও অগ্রিম আয়ব্যয়ের সমন্বয়সাধন (Adjustment of accruals & advances) :** বকেয়া (Accruals) অথবা অগ্রিম (Prepayments) আয়ব্যয় এর সঠিক হিসাবভুক্তির জন্য সমন্বয় দাখিলার গুরুত্ব রয়েছে।
- ৩। **হিসাবনীতির বাস্তব প্রয়োগ (Implementation of real accounting principles) :** হিসাবকাল নীতি, আয়ব্যয় সংযোগ নীতি, চলমান প্রতিষ্ঠান নীতি ও মুনাফা চিহ্নিতকরণ নীতির বাস্তব প্রয়োগের জন্য সমন্বয় দাখিলার গুরুত্ব রয়েছে।
- ৪। **রেকর্ডবিহীন লেনদেন (Unrecorded transaction) :** কারবারি প্রতিষ্ঠান সাপ্লাইজ এককালীন ক্রয় করে থাকে। হিসাবকালে এর কতটুকু অব্যবহৃত রয়েছে তা স্থির করা না হলে সঠিক মুনাফা নির্ণয় সম্ভব হয় না। ব্যবহৃত সাপ্লাইজকে খরচ ও অব্যবহৃত সাপ্লাইজ কে সম্পদ হিসেবে ধরে সমন্বয় দাখিলা প্রদানের মাধ্যমে আর্থিক বিবরণী তৈরি করতে হয়।
- ৫। **বাদ পড়া লেনদেন (Omitted transaction) :** বাদ পড়া লেনদেন অর্থাৎ যে সকল লেনদেন সংশ্লিষ্ট হিসাবকালের মধ্যে সংগঠিত হয় কিন্তু বিল পরিশোধের জন্য পাওয়া না গেলে যেমন- ইউটিলিটি বিল (বিদ্যুৎ বিল, পানি বিল, গ্যাস বিল) সেগুলি হিসাবভুক্ত করার জন্য সমন্বয় দাখিলার গুরুত্ব রয়েছে।
- ৬। **স্থায়ী সম্পত্তির অবচয় হিসাবভুক্তকরণ (Recording depreciation of fixed assets) :** সময় অতিবাহিত হওয়ার সাথে স্থায়ী সম্পদের অবচয়জনিত হিসাব প্রদর্শনের জন্য সমন্বয় দাখিলার গুরুত্ব অপরিহার্য।
- ৭। **সঠিক লাভ-ক্ষতি নির্ণয় (To ascertain accurate Profit/loss) :** সঠিক লাভ-ক্ষতি নির্ণয়ের জন্য সমন্বয় দাখিলার গুরুত্ব রয়েছে।
- ৮। **সম্পদের ন্যায্য মূল্যায়ন (Reasonable valuation of assets) :** কোনো প্রতিষ্ঠানের সম্পদসমূহের যথার্থ ও ন্যায্য মূল্যায়ন দেখাতে হলে উক্ত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট আয়, ব্যয়, সম্পদ ও দায়ের সঙ্গে প্রয়োজনীয় সমন্বয়সাধন প্রয়োজন হয়। সমন্বয় দাখিলা ছাড়া উদ্বর্তপত্র তৈরি করলে সম্পদের প্রকৃত মূল্য প্রতিফলিত হয় না। এ কারণেও সমন্বয় দাখিলার গুরুত্ব অপরিহার্য।
- ৯। **মজুদের মূল্যায়ন (Inventory valuation) :** অব্যবহৃত মজুদ পণ্যের মূল্যায়নপূর্বক হিসাবে প্রদর্শনের জন্য সমন্বয় দাখিলার গুরুত্ব রয়েছে।

উপরোক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে এটি প্রতীয়মান হয় যে, সমন্বয় দাখিলার গুরুত্ব অনস্বীকার্য।



#### সারসংক্ষেপ:

নির্দিষ্ট সময়ের আয় নির্ধারণ এবং আয়ের সাথে ব্যয় সমন্বয়ের জন্য যে জাবেদার প্রয়োজন হয় তাকে সমন্বয় দাখিলা বলা হয়। কোনো প্রতিষ্ঠানের কোনো একটি আর্থিক বছরের সঠিক Financial reporting এর জন্যই Adjusting entries এর প্রয়োজন হয়। হিসাবকাল নীতি, আয়ব্যয় সংযোগ নীতি, চলমান প্রতিষ্ঠান নীতি ও মুনাফা চিহ্নিতকরণ নীতিগুলোর বাস্তব প্রয়োগের জন্য সমন্বয় দাখিলার গুরুত্ব রয়েছে।

## পাঠ-৩.২

সমন্বয় দাখিলার প্রকারভেদ ও নিয়মাবলিসমূহ  
Types and Rules of Adjusting Entries

## উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- সমন্বয় দাখিলার প্রকারভেদগুলো বলতে পারবেন।
- সমন্বয় দাখিলা লেখার কৌশল ব্যাখ্যা করতে পারবেন।



## সমন্বয় দাখিলার প্রকারভেদসমূহ

## Types of adjusting entries

সমন্বয় দাখিলাকে প্রধানত অগ্রিম (Advances) ও বকেয়া (Payable, Accruals, outstanding or unpaid) এ দু'ভাগে ভাগ করা হয়। প্রত্যেককে আবার দু'ভাগে ভাগ করা হয়। নিচে সমন্বয় জাবেদার শ্রেণিবিভাগ আলোচনা করা হলো:

**১। অগ্রিম প্রদত্ত খরচ (Prepaid or unexpired expenses) :** যে সকল খরচ নগদে প্রদান করা হয় এবং ব্যবহারের পূর্বে সম্পত্তি হিসেবে লিপিবদ্ধ করা হয় সে সমস্ত খরচকে অগ্রিম প্রদত্ত খরচ বলা হয়। যেমন অগ্রিম প্রদত্ত বিমা ৬০০০ টাকা এর মধ্যে চলতি হিসাবকালে উত্তীর্ণ হয়েছে ৪৫০০ টাকা। এক্ষেত্রে সমন্বয়, দাখিলা হবে নিম্নরূপ:

	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
বিমা খরচ (Insurance expense)	৪,৫০০	
অগ্রিম বিমা খরচ (Prepaid insurance)		৪,৫০০
(To record expired prepaid insurance)		

**২। অগ্রিম প্রাপ্ত আয় (Unearned revenue/advance income) :** কোনো গ্রাহক যখন পণ্য বা সেবাপ্রাপ্তির পূর্বেই বিক্রেতা কোম্পানিকে নগদ অর্থ অগ্রিম প্রদান করে থাকে এরূপ ক্ষেত্রে অগ্রিম আয় বা অনুপার্জিত আয় সৃষ্টি হয়। যেমন অনুপার্জিত আয় (Unearned revenue) ১২,০০০ টাকা এর মধ্যে এ বছর আয় হয়েছে ৯,০০০ টাকা। এক্ষেত্রে সমন্বয় জাবেদা হবে নিম্নরূপ :

	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
অগ্রিম আয় (Unearned revenue)	৯,০০০	
আয় (Revenue)		৯,০০০

**৩। বকেয়া বা অপ্রদত্ত খরচ (Accrued expenses/Expense Payable) :** খরচ সংঘটিত হয়েছে কিন্তু পরিশোধ করা হয়নি এরূপ খরচকে বকেয়া বা অপ্রদত্ত খরচ বলে। যেমন- বেতন, ভাড়া, কর, সুদ বকেয়া হতে পারে। সমন্বয় জাবেদা করার সময় খরচ হিসাব ডেবিট হবে এবং দায় হিসাব ক্রেডিট। যেমন- বেতন বকেয়া আছে ৪,০০০ টাকা। সমন্বয় দাখিলা হবে নিম্নরূপ:

	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
বেতন (Salary expense)	৪,০০০	
প্রদেয় বেতন (Salaries payable)		৪,০০০

**৪। বকেয়া আয়/প্রাপ্য আয় (Accrued revenue/Revenue receivable) :** সেবা প্রদান করা হয়েছে অর্থাৎ আয় অর্জিত হয়েছে কিন্তু এখনো টাকা পাওয়া যায়নি তাই বকেয়া বা প্রাপ্য আয়। এরূপ বকেয়া বা প্রাপ্য আয় সমন্বয় দাখিলার সময় সম্পদ ও আয় উভয়ই বৃদ্ধি পায়। যেমন- আইনি সেবা প্রদান বাবদ ৫০০ টাকা এখনো পাওনা রয়েছে। জাবেদা হবে-

	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
প্রাপ্য আইনি সেবা আয় (Law service revenue receivable)	৫০০	
আইনি সেবা আয় (Law service revenue)		৫০০

## সমন্বয় দাখিলার নিয়মাবলিসমূহ

## Rules for adjusting entries

Sl.	Adjustments (সমন্বয়সমূহ)	Adjusting Entries (সমন্বয় জাবেদাসমূহ)
1.	<b>Expenses Accrued</b> (বকেয়া/অপ্রদত্ত খরচের জন্য) : (a) Salaries Expenses Accrued/Payable  (b) Rent Expenses Accrued  (c) Payroll Expense Accrued	(a) Salary Expenses Salaries payable (b) Rent expenses Rent Payable (c) Payroll Expenses Payroll Payable
2.	<b>Prepaid Expenses initially recorded as assets</b> (অগ্রিম খরচ প্রাথমিকভাবে সম্পদ হিসাবে লিপিবদ্ধ হলে) (a) Prepaid Rent (Trial balance)  (b) Prepaid Insurance (Trial. Balance)  (c) Prepaid General Expenses (Trial Balance)	(a) Rent Expenses Prepaid Rent (b) Insurance Expenses Prepaid Insurance (c) General Expenses Prepaid Gen. Expenses
3.	<b>When Supplies are treated as an Assets</b> (সাপ্লাইজকে প্রাথমিকভাবে সম্পদ হিসাবে লিপিবদ্ধ হলে) (a) Supplies (Trial Balance)  (b) Office Supplies (Trial Balance)	(a) Supplies expenses Supplies (b) Off. Supplies Expenses Office Supplies
4.	<b>When Supplies are treated as an expenses</b> (সরবরাহ প্রাথমিকভাবে খরচ হিসাবে ধরলে) (a) Supplies expenses (Trial Balance)  (b) Supplies on hand	(a) Supplies Supplies Expenses (b) Supplies Supplies Expenses
5.	<b>Prepaid Insurance initially record as expenses :</b> (অগ্রিম খরচ প্রাথমিকভাবে খরচ হিসাবে লিপিবদ্ধ করলে) (a) Insurance Expenses  (b) Rent Expenses	(a) Prepaid Insurance Insurance Expenses (b) Prepaid Rent Rent expenses
6.	<b>Revenue initially recorded as liabilities :</b> (অগ্রিম আয় প্রাথমিকভাবে দায় হিসাবে লিপিবদ্ধ করলে) (a) Unearned Service Revenue  (b) Unearned Rent Revenue  (c) Unearned Other Revenue	(a) Unearned Service Revenue Service Revenue (b) Unearned Rent Revenue Rent Revenue (c) Unearned Other Revenue Other Revenue
7.	<b>Advance Revenue initially recorded as revenue</b> (অগ্রিম আয় প্রাথমিকভাবে হিসাবভুক্ত করলে) (a) Service Revenue  (b) Rent Revenue  (c) Other Revenue	(a) Service Revenue Unearned Service Revenue (b) Rent Revenue Unearned Rent Revenue (c) Other Revenue Unearned Other Revenue
8.	<b>Revenue Accrued</b> (বকেয়া আয়) : (a) Interest Revenue Accrued  (b) Rent Revenue Accrued	(a) Interest Receivable Interest Revenue (b) Rent Receivable Rent Revenue

Sl.	Adjustments (সমন্বয়সমূহ)	Adjusting Entries (সমন্বয় জাবেদাসমূহ)
	(c) Service Revenue Accrued	(c) Accounts Receivable Service Revenue
9.	Allowance for un-collectible/Doubtful Accounts (অনাদায়ি পাওনা সঞ্চিতি) (a) Write off method  (b) Allowance method  (c) Written of allowance for doubtful A/c (d) For bad debts recovered (দুটি আলাদা Entry হয়ে থাকে)	(a) Bad Debts Expenses Un-collectible expenses Account Receivables (b) Bad Debts expenses Un-collectible expense Allowance for doubtful A/c (c) Allowance for doubtful A/c Account Receivables (d) i. Account Receivables Allowance for doubtful A/c (d) ii. Cash Account Receivables
10.	For depreciation of assets (সম্পত্তির অবচয়ের জন্য) (a) Depreciation on equipment  (b) Depreciation on Furniture	(a) Depreciation Expenses Accumulated Dep.–Equipment (b) Depreciation Expenses Accumulated dep.-Furniture
11.	For deposited cheque dishonored (জমাকৃত চেক প্রত্যাখ্যান)	Account Receivables Bank
12.	Interest on Capital (মূলধনের সুদের জন্য)	Interest Expenses Capital
13.	Interest on Drawing (উত্তোলনের সুদের জন্য)	Capital/Drawing Interest Income
14.	For beginning inventory (সমাপনী মজুদ মালের জন্য)	Income Summary Inventory
15.	For Ending Inventory (সমাপনী মজুদ মালের জন্য) যদি Perpetual Inventory System অনুসরণ করা হয়	(a) If actual value is higher than book value then for difference (পুস্তকমূল্য প্রকৃতমূল্য অপেক্ষা বেশি হলে) Inventory Cost of goods sold (b) If actual value is less than book value then for difference (কম হলে) Cost of goods sold Inventory
16.	For Ending Inventory (সমাপনী মজুদ পণ্যের জন্য) যদি Periodic Inventory System অনুসরণ করা হয়	(a) For the value of beginning inventory Income summery Merchandise inventory (b) Ending inventory Income summery
17.	For Unrecorded Purchase (অলিখিত ব্যয়)	Purchase Account payables
18.	For Unrecorded sales (অলিখিত বিক্রয়ের জন্য)	Account Receivables Sales
19.	For goods distributed as sample (বিনা মূল্যে পণ্য বিতরণ)	Advertising expenses Cost of goods sold/Purchase
20.	Goods sold without profit (মুনাফবিহীন পণ্য বিক্রয়)	Sales Purchase
21.	Un-recorded Purchase of Machine (মেশিনারি ক্রয় হিসাবভুক্ত হয়নি)	Machineries Accounts payable
22.	Goods sold but not delivered (বিক্রয় করা হয়েছে কিন্তু পণ্য সরবরাহ করা হয়নি)	No. Entry
23.	For income tax provision (আয়কর সঞ্চিতির জন্য)	Income tax expense Income tax payable

Sl.	Adjustments (সমন্বয়সমূহ)	Adjusting Entries (সমন্বয় জাবেদাসমূহ)
24.	Goods sold but not delivered and included in ending inventory	Income summary Ending inventory
25.	Installation of Machinery Included in wages	Machineries Wages expenses
26.	Repairs expense included in Machinery (মেশিন মেরামত মেশিনের সাথে যুক্ত আছে)	Repair Expenses Machineries
27.	Unrecorded/ Accrued Income (অলিখিত আয়)	Account Receivables Revenue
28.	Set off. Account Receivable Against Accounts payable (প্রাপ্য হিসাব প্রদেয় হিসাবের সাথে সমন্বয়)	Account payables Account Receivables
29.	Proposed dividend (প্রস্তাবিত লভ্যাংশ)	Dividend expenses Dividend payable
30.	Dividend Transfer to Retained Earnings	Retained earnings Dividend expenses
31.	Opening Inventory Includes Supplies	Supplies expenses Inventory
32.	Service provided but not billed (সেবা প্রদান কিন্তু বিল করা হয়নি)	Accounts Receivable Service Revenue
33.	Accrued interest on Investment (বিনিয়োগের ওপর সুদ বকেয়া)	Interest Receivable Interest Revenue
34.	Accrued Interest on loan Or Mortgage or Notes payable (ঋণ বা প্রদেয় নোটের সুদ বকেয়া)	Interest expenses Interest payable
35.	Discount or Allowance for accounts Receivable (প্রাপ্য হিসাবের উপর বাট্টা সঞ্চিতি)	Discount expenses Accounts Receivable
36.	Interest earned but not received (আয় অর্জিত কিন্তু গৃহীত হয়নি)	Interest Receivable Interest Revenue
37.	Cash paid in by the proprietor included in sales (মালিক প্রদত্ত নগদ বিক্রয়ের মধ্যে অন্তর্ভুক্ত)	Sales Capital
38.	Goods destroyed by fire and the insurance company admitted the claim partially (আগুনে বিনষ্ট পণ্য এবং বিমা কোম্পানির আংশিক ক্ষতিপূরণ স্বীকার)	Insurance claim Receivable Loss by fire Cost of goods sold
39.	Goods sent on sales or return basis, the confirmation not yet received (বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে পণ্য প্রেরণ যা এখনও নিশ্চিত হয় নি)	(a) Sales Account Receivables (b) Merchandise Inventory Cost of goods sold
40.	Interest on Capital (মূলধনের সুদ)	Interest expenses Capital
41.	For Deferred Advertisement (বিলম্বিত বিজ্ঞাপন)	Deferred advertisement Advertisement Expenses
42.	For Discount on account receivable (দেনাদার বাট্টা)	Discount Expenses Allowance for discount on account receivable
43.	For Goodwill written off (সুনাং অবলোপন)	Amortization Goodwill
44.	Proposed Dividend (প্রস্তাবিত লভ্যাংশ)	Dividend expenses Dividend payable



### সারসংক্ষেপ:

সাধারণত তিনটি পরিস্থিতিতে সমন্বয় জাবেদা দাখিলার প্রয়োজনীয়তা দেখা দেয়। যথা: কোনো গ্রাহক যদি পণ্য বা সেবাপ্রাপ্তির পূর্বেই বিক্রোতা কোম্পানিকে নগদ অর্থ অগ্রিম প্রদান করে থাকে এরূপ ক্ষেত্রে; খরচ সংঘটিত হয়েছে কিন্তু পরিশোধ করা হয়নি এরূপ বকেয়া খরচের ক্ষেত্রে সেবা প্রদান করা হয়েছে, অর্থাৎ আয় অর্জিত হয়েছে কিন্তু এখনো টাকা পাওয়া যায়নি এমন ক্ষেত্রে সমন্বয় জাবেদা দাখিলার প্রয়োজন হয়। কোনো প্রতিষ্ঠানের একটি আর্থিক বছরের সঠিক Financial reporting এর জন্যই Adjusting entries এর প্রয়োজন হয়।

## পাঠ-৩.৩

## নগদভিত্তিক ও বকেয়াভিত্তিক হিসাবরক্ষণ

## Cash Basis and Accrual Basis of Accounting



## উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- নগদভিত্তিক ও বকেয়া পাওনাভিত্তিক হিসাবরক্ষণ বলতে কী বুঝায় তা বলতে পারবেন।
- নগদভিত্তিক ও বকেয়া পাওনাভিত্তিক হিসাবরক্ষণের মধ্যে পার্থক্য ব্যাখ্যা করতে পারবেন।



## নগদভিত্তিক ও বকেয়াভিত্তিক হিসাবরক্ষণ

## Cash basis and accrual basis of accounting

হিসাববিজ্ঞানে আয়-ব্যয় লিপিবদ্ধকরণ ও তদভিত্তিতে মুনাফা নির্ধারণের ক্ষেত্রে হিসাব সংরক্ষণের দুটি পদ্ধতি প্রচলিত আছে। একটি নগদানভিত্তিক ও অপরটি বকেয়াভিত্তিক পদ্ধতি। নিম্নে দুটি পদ্ধতির বর্ণনা দেওয়া হলো

(ক) **নগদভিত্তিক পদ্ধতি (Cash basis system)** : এ পদ্ধতিতে কেবলমাত্র নগদ অর্থ প্রাপ্তি বা প্রদান সাপেক্ষেই লেনদেন হিসাবভুক্ত করা হয়। যে কোনো লেনদেনের বিপরীতে যখন নগদ অর্থ পাওয়া যায় বা নগদ অর্থ প্রদান করা হয় কেবলমাত্র তখনই লেনদেনটি হিসাবের বহিতে লিপিবদ্ধ করা হয়। বাস্তবক্ষেত্রে নগদের পাশাপাশি বকেয়া আয় অথবা ব্যয় সংঘটিত হলেও এ পদ্ধতিতে বকেয়া আয় অথবা ব্যয়কে হিসাবভুক্ত করা হয় না। ফলে নগদভিত্তিক ধারণায় প্রায়শঃই আর্থিক বিবরণী অসম্পূর্ণ আছে। কেননা যে সকল আয় অর্জিত হয়েছে কিন্তু পাওয়া যায়নি, তা নগদ ভিত্তি পদ্ধতিতে হিসাবভুক্ত হয় না। যা আয়ের চিহ্নিতকরণ নীতির পরিপন্থী। আবার বকেয়া বা অগ্রিম ব্যয়সমূহ আয়ের বিপরীতে মিলকরণ করা হয় না, যা আয়ব্যয় সংযোগনীতি (Matching principle) অনুসারে আয়ের বিপক্ষে ব্যয়ের সঠিক লিখন করার পরিপন্থী। যা হিসাববিজ্ঞানের সর্বজন স্বীকৃত নীতিমালার (GAAP) পরিপন্থী। এ পদ্ধতিতে প্রতিষ্ঠানে নগদ তহবিল ব্যতীত কোনো সম্পদ থাকে না।

(খ) **বকেয়াভিত্তিক হিসাব (Accrual basis system)** : এ পদ্ধতি দু' তরফা দাখিলা পদ্ধতির পূর্ণাঙ্গরূপ কারণ এ পদ্ধতিতে হিসাবকালের লেনদেনের ক্ষেত্রে আয়ের অধিকার জন্মের সাথে সাথে তা আয় বলে গণ্য হয়। এই আয় কখন পাওয়া যায় বা যাবে তা বিবেচ্য নয়। অনুরূপভাবে ব্যয়ের ক্ষেত্রে দায় সৃষ্টি হওয়ার সাথে সাথে তাকে হিসাবে গণ্য করা হয়। বস্তুত এই পদ্ধতির মূল প্রতিপাদ্য বিষয় হল মুনাফা সংক্রান্ত হিসাব এবং স্থিতিপত্র প্রস্তুতকালে হিসাবকালের প্রাপ্ত এবং প্রাপ্য ও প্রদত্ত এবং প্রদেয় ব্যয়সমূহ যথাযথভাবে হিসাবের অন্তর্ভুক্ত করতে হবে। ফলে প্রতিষ্ঠানের প্রকৃত মুনাফা এবং আর্থিক অবস্থা যথাযথভাবে হিসাবে প্রদর্শিত হবে। এ পদ্ধতিতে সকল সম্পত্তি আলাদা আলাদাভাবে উপস্থাপন করা হয়।

ধরা যাক কোনো প্রতিষ্ঠানের ডিসেম্বর মাসের ভাড়া বাবদ বকেয়া রয়েছে ৩,০০০ টাকা। মোট প্রদত্ত ভাড়ার সাথে আরও ৩,০০০ বকেয়া যোগ করে মোট ভাড়া বাবদ  $৩৩,০০০ + ৩,০০০ = ৩৬,০০০$  টাকা হিসাবভুক্ত করতে হবে।

## নগদ ভিত্তিক ও বকেয়া পাওনাভিত্তিক হিসাবরক্ষণের মধ্যে পার্থক্য

## Difference between cash basis and accrual basis of accounting

নগদভিত্তিক ও বকেয়া ভিত্তিক হিসাব পদ্ধতির পার্থক্য নিম্নে আলোচনা করা হলো:

পার্থক্যের বিষয়	নগদভিত্তিক (Cash basis)	বকেয়াভিত্তিক (Accrual basis)
১। সংজ্ঞা	যে হিসাব পদ্ধতিতে কেবলমাত্র নগদ আয়ব্যয় লিপিবদ্ধ করা হয় তাকে নগদানভিত্তিক পদ্ধতি বলা হয়।	যে পদ্ধতিতে নগদ ও বকেয়া আয়ব্যয় সমন্বয় সাধনপূর্বক হিসাব রাখা হয় তাকে বকেয়াভিত্তিক হিসাব পদ্ধতি বলা হয়।



পার্থক্যের বিষয়	নগদভিত্তিক (Cash basis)	বকেয়াভিত্তিক (Accrual basis)
২। হিসাবকাল	নগদে প্রাপ্ত বা প্রদত্ত হিসাব বিবেচনা করা হয়। এই প্রাপ্তি বা পরিশোধ সংশ্লিষ্ট হিসাবকালের কিনা তা বিবেচনা করা হয় না।	সংশ্লিষ্ট হিসাবকালের প্রাপ্য ও প্রাপ্ত এবং প্রদেয় ও প্রদত্ত লেনদেন লিপিবদ্ধ করা হয়। অন্য কোনো হিসাবকালের প্রাপ্তি বা পরিশোধকে হিসাবে ধরা হয় না।
৩। লাভ-লোকসান নির্ণয়	এ পদ্ধতিতে কেবলমাত্র নগদ আয় এবং নগদ ব্যয়ের ওপর ভিত্তি করে লাভ-লোকসান নির্ণয় করা হয়।	এ পদ্ধতিতে নগদে প্রাপ্ত ও পরিশোধিত আয় ব্যয়ের সাথে চলতি হিসাবকালের বকেয়া আয়ব্যয়কেও হিসাবভুক্ত করে লাভ-লোকসান নিরূপণ করা হয়।
৪। ব্যবহারকারী	সাধারণত সরকারি দপ্তরে ও পেশাজীবীদের বেলায় নগদ ভিত্তিক প্রণালী অনুসরণ করা হয়।	ব্যবসায়ী ও অব্যবসায়ী প্রতিষ্ঠানে বকেয়াভিত্তিক প্রণালী অনুসরণ করা হয়।
৫। গ্রহণযোগ্যতা	এটি আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য নয়।	এটি আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য।
৬। তথ্যের সম্পূর্ণতা	এতে পূর্ণাঙ্গ তথ্য পাওয়া যায় না। কারণ আয় বর্ষের প্রাপ্য ও প্রদেয় লেনদেনগুলো এতে অন্তর্ভুক্ত হয় না।	এটি পূর্ণাঙ্গভাবে হিসাবের তথ্য উপস্থাপন করে। হিসাবকালের নগদ ও বকেয়া সকল লেনদেন এতে উপস্থাপিত হয়।
৭। গ্যাপ (GAAP)	GAAP এর প্রয়োগ এ নীতিতে সম্ভব নয়।	হিসাববিজ্ঞানের সর্বজন স্বীকৃত নীতির (GAAP) প্রয়োগ এ পদ্ধতিতে সম্ভব।
৮। উপযোগিতা	ছোটো প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ পদ্ধতি উপযোগী। তাছাড়া যে সকল প্রতিষ্ঠানে শুধুমাত্র নগদ লেনদেন হয় সে সকল প্রতিষ্ঠানের জন্য এটি উপযোগী।	ছোটো বড় সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ পদ্ধতি আদর্শ পদ্ধতি হিসেবে স্বীকৃত। উপরন্তু যে সকল প্রতিষ্ঠানে নগদে ও বাকিতে লেনদেন সম্পন্ন হয় সে সকল প্রতিষ্ঠানে এ পদ্ধতি উপযোগী।
৯। তুলনামূলক বিচার	এ পদ্ধতিতে পূর্ণাঙ্গ আকারে হিসাব রাখা হয় না। বিধায় বহু গুরুত্বপূর্ণ তথ্যের তুলনামূলক বিচার বিশ্লেষণ সম্ভব নয়।	হিসাবের পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষিত হয় এবং এ সংরক্ষিত তথ্য হতে বিভিন্ন বিবরণী প্রস্তুত করা হয় বিধায় তুলনামূলক বিচার বিশ্লেষণ সম্ভব এবং যুক্তি নির্ভর হয়।
১০। লেনদেনের ভিত্তি	অধিকাংশ লেনদেন নগদে সম্পন্ন হয় এরূপ প্রতিষ্ঠানে এ পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করা হয়।	অধিকাংশ লেনদেন ধারে সম্পন্ন হয় এরূপ প্রতিষ্ঠানে এ পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করা হয়।
১১। সমন্বয় দাখিলা	এ পদ্ধতিতে সমন্বয় দাখিলার প্রয়োজন নেই বলে সমন্বয়ের বিষয়গুলো হিসাবে যথাযথভাবে প্রদর্শন করা হয় না।	এ পদ্ধতিতে সমন্বয় দাখিলার মাধ্যমে যথাযথ হিসাব প্রদর্শন করা হয়।
১২। সম্পত্তি প্রদর্শন	নগদ তহবিল ব্যতীত অন্য কোনো সম্পত্তি থাকে না।	নগদ তহবিলসহ অন্যান্য সকল সম্পত্তি থাকে।



### সারসংক্ষেপ:

নগদভিত্তিক পদ্ধতিতে কেবলমাত্র নগদ অর্থ প্রাপ্তি বা প্রদান সাপেক্ষেই লেনদেন হিসাবভুক্ত করা হয়। অর্থাৎ কোনো লেনদেনের বিপরীতে যখন নগদ অর্থ পাওয়া যায় বা নগদ অর্থ প্রদান করা হয় কেবলমাত্র তখনই লেনদেনটি হিসাবের বহিতে লিপিবদ্ধ করা হয়। বকেয়া ভিত্তিক পদ্ধতিতে দু'তরফা দাখিলা পদ্ধতির পূর্ণাঙ্গরূপ বিবেচনায় নিয়ে হিসাব লিপিবদ্ধ করা হয়। এ পদ্ধতিতে হিসাবকালের লেনদেনের ক্ষেত্রে আয়ের অধিকার জন্মের সাথে সাথে তা আয় বলে গণ্য করা হয়। এই আয় কখন পাওয়া যায় বা যাবে তা বিবেচ্য নয়। অনুরূপভাবে ব্যয়ের ক্ষেত্রে দায় সৃষ্টি হওয়ার সাথে সাথে তাকে হিসাবে গণ্য করা হয়।

## পাঠ-৩.৪

সমাপনী দাখিলা ও বিপরীত দাখিলাসমূহ  
Closing Entries and Reversing Entries

## উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- সমাপনী দাখিলা বলতে কী বোঝায় তা বলতে পারবেন।
- বিপরীত দাখিলা বলতে কী বোঝায় তা বলতে পারবেন।



## সমাপনী দাখিলাসমূহ

## Closing entries

কোনো হিসাবকাল শেষে প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল নিরূপণার্থে যাবতীয় নামিক বা আয়-ব্যয় ও লাভ-ক্ষতি হিসাবের জেরগুলো আর্থিক বিবরণীতে স্থানান্তরের জন্য যে সকল জাবেদা লিখন দেওয়া হয়, তাদেরকে সমাপনী জাবেদা বলে। বস্তুত: একটা নির্দিষ্ট হিসাবকালে নামিক হিসাব (আয়-ব্যয় ও লাভ-ক্ষতি) সংক্রান্ত যে সমস্ত লেনদেনগুলো সম্পন্ন হয়, এদের জের সংশ্লিষ্ট হিসাব বছরেই শেষ করতে হয়। পরবর্তী বছরে এদের কোনো জের থাকবে না। আয়ব্যয় সংক্রান্ত হিসাবগুলো বন্ধ করার জন্য যে জাবেদা এন্ট্রি প্রদানের মাধ্যমে আয় বিবরণীতে স্থানান্তর করা হয় তাকে সমাপনী দাখিলা বলে। কার্যপত্র (Work sheet) এবং আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতের পর রাজস্ব আয় এবং ব্যয়সমূহ আয় বিবরণীতে স্থানান্তর করে বন্ধ করা হয়। আয় বিবরণীর জের মূলধন হিসাবে এবং যৌথ মূলধনী কারবারের ক্ষেত্রে রক্ষিত আয় বিবরণীতে স্থানান্তর করে বন্ধ করা হয়।

**1. Pyle & Larson** এর মতে, "Closing entries is entries made to close and clear the revenue and expense accounts and to transfer the amount of the net income or loss to a capital account or accounts to the retained earnings accounts." অর্থাৎ আয় এবং খরচাবলি হিসাব বন্ধ করা এবং নিট আয় মূলধন হিসেবে বা হিসাবসমূহে অথবা রক্ষিত আয় হিসেবে স্থানান্তরের জন্য যে জাবেদা দাখিলা প্রদান করা হয় তাকে সমাপনী দাখিলা বলে।

**2. Meigs and Others** মতে, "Closing entries is journal entries made at the end of the period for the purpose of closing temporary accounts (revenue, expenses and Owner's drawings accounts) and transferring balances to the owner's Capital account" অর্থাৎ সমাপনী দাখিলা হলো হিসাবকাল শেষে অস্থায়ী হিসাবগুলোকে (আয়, ব্যয়, এবং মালিকের উত্তোলন হিসাব বন্ধ করা এবং উদ্বৃত্ত মালিকের মূলধন হিসাবে স্থানান্তর করার জাবেদা দাখিলা।")

সুতরাং বলা যায়, হিসাবকাল শেষে আর্থিক বিবরণী প্রণয়নের সময় আয়-ব্যয় বাচক হিসাবসমূহের বন্ধ করে নিট ফলাফল মালিকের মূলধন হিসাবে বা রক্ষিত আয় বিবরণীতে স্থানান্তরের জন্য যে দাখিলা দেওয়া হয় তাকে সমাপনী দাখিলা বলে।

## বিপরীত দাখিলাসমূহ

## Reversing entries

নির্দিষ্ট হিসাবকাল শেষে যে সমন্বয় দাখিলা দেওয়া হয়, পরবর্তী হিসাবকালের প্রথম বা পহেলা তারিখে তার বিপরীত দাখিলা দেওয়া হয়। হিসাব প্রক্রিয়ার এটি একটি ঐচ্ছিক ধাপ। কোনো প্রতিষ্ঠান তার হিসাব কোড সংখ্যা কমানোর জন্য বিশেষত কম্পিউটারাইজ হিসাব পদ্ধতিতে বিপরীত দাখিলা দিয়ে থাকে।

**Hermanson & others** এর মতে, "Reversing entries is journal entries made on the first day of the next accounting period to reverse the effects of the adjusting entries to which they relate".

তবে সকল সমন্বয় জাবেদার জন্য বিপরীত দাখিলা দিতে হয় না:

- (i) অগ্রিম প্রদত্ত খরচ শুরুতেই সম্পত্তি হিসাব লিপিবদ্ধ হলে।
- (ii) অগ্রিম প্রাপ্ত আয় শুরুতেই দায় হিসাবে লিপিবদ্ধ হলে।
- (iii) অনুমিত দফাসমূহ যেমন- কু-ঋণ, আয়কর সঞ্চিতি এবং অবচয়।

সাধারণত: নিম্নবর্ণিত সমন্বয় দাখিলার ক্ষেত্রে বিপরীত দাখিলা দেখানো যেতে পারে:

- (i) প্রদেয় বা বকেয়া খরচ এবং প্রাপ্য বা বকেয়া আয়ের ক্ষেত্রে।
- (ii) অগ্রিম প্রদত্ত খরচ যা শুরুতেই খরচ হিসাবে লিখা হয়েছে এবং অগ্রিম প্রাপ্ত আয় যা প্রাথমিকভাবে আয় হিসেবে লিপিবদ্ধ করা হয়।

সুতরাং কোনো আর্থিক সময়কাল বা কোনো আর্থিক বছর শেষে নগদ টাকায় সম্পাদিত মুনাফা জাতীয় আয়ব্যয়ের বকেয়া বা অগ্রিমের যে সমন্বয় জাবেদা হয় পরবর্তী বছরের শুরুতে উক্ত আর্থিক আয়ব্যয়ের বকেয়া অগ্রিমের সমন্বয় জাবেদার যে বিপরীত জাবেদা বা দাখিলা রেকর্ড করা হয় তাকে বিপরীত দাখিলা বলে।



### সারসংক্ষেপ:

কোনো হিসাবকাল শেষে প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল নিরূপণার্থে যাবতীয় নামিক বা আয়-ব্যয় ও লাভ-লোকসান হিসাবের জেরগুলো আর্থিক বিবরণীতে স্থানান্তরের জন্য যে সকল জাবেদা লিখন দেওয়া হয়, তাদেরকে সমাপনী জাবেদা বলে। আবার, নির্দিষ্ট হিসাবকাল শেষে যে সমন্বয় দাখিলা দেয়া হয়, পরবর্তী হিসাবকালের প্রথম বা পহেলা তারিখে তা বিপরীতভাবে লিখে বিপরীত দাখিলা দেওয়া হয়।

## পাঠ-৩.৫

## সমন্বয় দাখিলা: গাণিতিক সমস্যা ও সমাধান

## Adjusting Entries: Mathematical Problems and Solutions



## উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- হিসাবকাল শেষে সমন্বয় দাখিলাগুলো লেখার কৌশল ব্যাখ্যা করতে পারবেন।
- সমন্বয় সংক্রান্ত গাণিতিক সমস্যার সমাধান করতে পারবেন।



## সমন্বয় দাখিলা: গাণিতিক সমস্যা ও সমাধান

## Adjusting Entries: Mathematical problems and solutions

নির্দিষ্ট সময়ের আয় নির্ধারণ এবং আয়ের সাথে ব্যয় সমন্বয়ের জন্য যে জাবেদার প্রয়োজন হয় তাকে সমন্বয় দাখিলা বলা হয়। পূর্বের পাঠ থেকে আমরা জেনেছি, সমন্বয় এন্ট্রি দেওয়ার ফলে প্রতিষ্ঠানের নির্দিষ্ট হিসাবকালের সঠিক মুনাফা বা ক্ষতি যেমন জানা যায় তেমনি প্রতিষ্ঠানের সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্ব সম্পর্কে সঠিক তথ্য জানা সম্ভব হয়। হিসাবকালের অপরিশোধিত খরচ, প্রাপ্য আয়, সম্পত্তির অবচয়, অগ্রিম প্রদত্ত খরচ, অগ্রিম আয়কে হিসাবে ধরা না হলে প্রতিষ্ঠানের সঠিক সম্পত্তি, দায়, মালিকানা স্বত্ব, মুনাফা বা ক্ষতির পরিমাণ জানা সম্ভব হবে না। নিম্নে কতিপয় সমন্বয় জাবেদা সংক্রান্ত গাণিতিক সমস্যা ও এর সমাধান দেওয়া হলো:

**Example 1:** Anamika B.D.S., opened a dental practice on January 1, 2020. During the first month of operations the following transactions occurred.

1. Performed services for patients who had dental plan insurance. At January 31, Tk. 875 of such services was earned but not yet recorded.
2. Utility expenses incurred but not paid prior to January 31 totaled Tk. 520.
3. Purchased dental equipment on January 1 for Tk. 80,000, paying Tk. 20,000 in cash and signing a Tk. 60,000, 3-year note payable. The equipment depreciates Tk. 400 per month. Interest is Tk. 500 per month.
4. Purchased a one-year malpractice insurance policy on January 1 for Tk. 12,000.
5. Purchased Tk. 1,600 of dental supplies. On January 31, determined that Tk. 400 of supplies were on hand.

**Requirement:** Prepare the adjusting entries on January 31 (Omit explanations). Account titles are: Accumulated Depreciation-Dental Equipment, Depreciation Expense, Service Revenue, Accounts Receivable, Insurance Expense, Interest Expense, Interest Payable, Prepaid Insurance, Supplies, Supplies Expense, Utilities Expense, and Utilities Payable.

**Solution :**

**Anamika**  
**General Journal (Adjusting Entries)**

Date	Account Titles	Ref	Debit (Tk.)	Credit (Tk.)
2020				
Jan. 31	Account Receivables		875	
	Service Revenue			875
31	Utilities Expenses		520	
	Utilities Payable			520
31	Depreciation Expenses		400	
	Accumulated Depreciation-Dental Equipment			400
31	Interest Expenses		500	
	Interest Payable			500
31	Insurance Expenses (Tk. 12,000 ÷ 12)		1000	
	Prepaid Insurance			1000
31	Supplies Expenses (Tk. 1,600 – Tk. 400)		1200	
	Supplies			1200

**Example 2:** Mr. Atik opens the Lawn Care Company on April 1, 2020. On April 30, the trial balance shows the following balances for selected accounts :

	Tk.
Prepaid insurance	3,60,000
Equipment	28,000
Notes payable	2,00,000
Unearned revenue	4,200
Service revenue	1,800

Analysis reveals the following additional data.

1. Prepaid insurance is the cost of a 2-year insurance policy, effective April 1.
2. Depreciation on the equipment is Tk. 500 per month.
3. The note payable is dated April 1, It is a 6-month 12% note.
4. Seven customers paid for the company's 6 months' lawn service package of Tk. 600 beginning in April. These customers were serviced in April.
5. Lawn services provided other customers but not recorded at April 30 totaled Tk. 15,000.

**Requirement:**

Prepare the adjusting entries for the month of April and show computations.

**Solution :**

**Mr. Atik Lawn Care Company  
General Journal (Adjusting Entries)**

Date	Account Titles and Explanation	Ref	Debit (Tk.)	Credit (Tk.)
2020				
Apr. 30	(1) Insurance expenses Prepaid insurance (To record prepaid insurance expired : Tk. 3,60,000 ÷ 24 )		15,000	15,000
30	(2) Depreciation expenses Accumulated depreciation – equipment (To record monthly depreciation on equipment)		500	500
30	(3) Interest expenses Interest payable (To record accrued interest on notes payable : Tk. 2,00,000 × 12% × 1/12)		2,000	2,000
30	(4) Unearned service revenue Service revenue (To record revenue for services provided earned: Tk. 600 ÷ 6 = Tk. 100; Tk. 100 per month × 7 = Tk. 700)		700	700
30	(5) Account receivables Service revenue (To record revenue for services provided on account)		15,000	15,000

**Example 3:** Surma River Resort opened for business on June 1 with 10 air-conditioned units. Its trial balance before adjustment on August 31 is as follows :

**Surma River Resort  
Trial Balance  
August 31, 2019**

Account Titles	Debit (Tk.)	Credit (Tk.)
Cash	9,500	
Utilities Expense	4,500	
Salaries Expense	25,000	
Repair Expenses	5,300	
Rent Revenue		0
Surma River Resort Capital		40,000
Surma River Resort Drawing	11,000	
Prepaid Insurance	3,000	
Land	18,000	
Cottage	30,000	
Furniture	25,000	
Accounts Payable		20,000
Unearned Rent		15,000
Mortgage payable		60,000
Supplies	3,700	
	<u>1,35,000</u>	<u>1,35,000</u>

**Other date :**

1. Insurance expires at the rate of Tk. 300 per month.
2. Account of August 31 shows Tk. 500 of supplies on hand.
3. Annual depreciation is Tk. 3,000 on cottages and Tk. 1,800 on furniture.
4. Unearned rent of Tk. 2,000 was earned prior to August 31.
5. Salaries of Tk. 500 were unpaid at August 31.
6. Rentals of Tk. 500 were due from tenants at August 31.
7. The mortgage interest rate is 10% per year (the mortgage was taken out on August 1).

**Requirement:**

Journalize the adjusting entries on August 31 for the 3 month period June 1-August 31.

**Solution :**

**Surma River Resort  
General Journal (Adjusting Entries)**

Date	Account Titles & Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
2019 August 31	(1) Insurance expenses (300 x 3) Prepaid Insurance (To record expire insurance expenses)		900	900
"	(2) Supplies expense (3,700 – 500) Supplies (To record supplies used as expense.)		3,200	3,200
"	(3) Depreciation expenses (3,000 ÷ 4) Accumulated Depreciation–Cottages (To record depreciation expenses–Cottage)		750	750

Date	Account Titles & Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
"	(3) Depreciation Expenses (1,800 ÷ 4) Accumulated Depreciation–Furniture (To record depreciation on furniture)		450	450
"	(4) Unearned Rent Revenue Rent Revenue (To record unearned rent that is earned)		2,000	2,000
"	(5) Salaries expense Salaries Payable (To record salaries payable)		500	500
"	(6) Account Receivables Rent Revenue (To record rent accrued)		500	500
"	(7) Interest Expenses–Mortgage Interest Payable (To record interest on mortgage payable for current month)		500	500

**Example 4:** The **Sky Line Motel** opened for business on May, 2019. Its trial balance before adjustment on May 31 is as follows.

**Sky Line Motel**  
**Trial Balance**  
May 31, 2019

Account No.	Account Titles	Debit (Tk.)	Credit (Tk.)
101	Cash	10,000	
126	Supplies	1,900	
130	Prepaid Insurance	2,400	
140	Land	15,000	
141	Lodge	60,000	
149	Furniture	16,800	
201	Account Payables		5,300
208	Unearned Rent		3,600
275	Mortgage Payable		35,000
301	Capital		60,000
429	Rent Revenue		19,200
610	Advertising Expenses	10,500	
626	Salaries Expense	3,000	
632	Utilities Expense	3,500	
		Tk. 1,23,100	Tk. 1,23,100

**Other data :**

- Advertising deferred for next period amounting to Tk. 5,000.
- Insurance expires at the rate of Tk. 200 per month.
- Account of supplies shows Tk. 800 of unused supplies on May 31.
- Annual depreciation is Tk. 2,400 on the lodge and Tk. 3,000 on furniture.
- The mortgage interest rate is 12%. (The mortgage was taken out on May 1.)
- Unearned rent of Tk. 2,500 has been earned.
- Salaries of Tk. 1,800 are accrued and unpaid at May 31.

**Requirement :** Journalize the adjusting entries on May 31.

**Solution :**

**Sky Line Motel**  
**General Journal (Adjusting Entries)**

Date	Account Titles and Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
2019 Mar. 31	(1) Deferred Advertising Advertising Expenses (To record deferred advertising.)		5,000	5,000
31	(2) Insurance expenses Prepaid Insurance (To record insurance expired)		200	200
31	(3) Supplies Expenses (1,900 – 800) Supplies (To record Supplies used)		1,100	1,100
31	(4) Depreciation Expenses (2,400÷12) Accumulated Depreciation – Lodge (To record monthly depreciation on lodge)		200	200
31	(4) Depreciation Expenses (3,000 ÷ 12) Accumulated Depreciation – Furniture (To record monthly depreciation on furniture)		250	250
31	(5) Interest Expenses (35,000 x 12% x 1/12) Interest Payable (To record accrued interest on mortgage)		350	350
31	(6) Unearned Rent Revenue Rent Revenue (To record unearned rent earned)		2,500	2,500
31	(7) Salaries Expense Salaries Payable (To record accrued salaries)		1,800	1,800

**Example 5: Hashib Graphics Company** was organized on January 1, 2019, by **Saifur**. At the end of the first 6 months of operations, the trial balance contained the following accounts.

Account Titles	Dr. (Tk.)	Account Titles	Cr. (Tk.)
Cash	19,500	Notes Payable	20,000
Account Receivables	14,000	Account Payables	9,000
Equipment	45,000	Capital	32,000
Insurance Expenses	1,800	Graphic Revenue	52,100
Salaries Expense	30,000	Consulting Revenue	6,000
Supplies Expense	3,700		
Advertising Expenses	1,900		
Rent Expenses	1,500		
Utilities Expense	1,700		
	<u>1,19,100</u>		<u>1,19,100</u>

**Analysis reveals the following additional data.**

- General expenses accrued Tk. 600.
- Tk. 3,700 balance in supplies expense represents supplies purchased in January. At June 30, Tk. 300 of supplies was on hand.



3. The note payable was issued on February 1. It is a 12%, 6-month note.
4. The balance in insurance expenses is the premium on a one-year policy, dated May 1, 2018.
5. Consulting fees are credited to revenue when received. At June 30, consulting fees of Tk. 1,100 are unearned.
6. Graphic revenue earned but unrecorded at June 30 totals Tk. 2,000.
7. Depreciation is Tk. 3,000 per year.
8. Consulting revenue earned but not received Tk. 5,000.

**Requirement :** Prepare adjusting entries.

**Solution :**

**Hashib Graphics Company  
General Journal (Adjusting Entries)**

Date	Account Titles and Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
2019 June-30	(1) General Expenses General Expense Payable (To record general exp. accrued)		600	600
„ 30	(2) Supplies Supplies Expense (To record supplies on hand)		300	300
„ 30	(3) Interest Expenses Interest Payable (20,000 x 12% x 5/12) (To record accrued interest)		1,000	1,000
„ 30	(4) Prepaid Insurance Insurance Expenses (1,800 ∞ 10/12) (To record unexpired insurance)		1,200	1,200
„ 30	(5) Consulting Revenue Unearned Consulting Revenue (To record revenue for services provided)		1,100	1,100
„ 30	(6) Accounts Receivable graphic revenue (To record Graphic Revenue on account)		2,000	2,000
„ 30	(7) Depreciation Expenses (3,000 ÷ 1/2) Accumulated Depreciation-Equipment (To record depreciation on equipment)		1,500	1,500
„ 30	(8) Account Receivables Consulting Revenue (To record accrued consulting revenue)		5,000	5,000



**সারসংক্ষেপ:**

হিসাবকালের অপরিশোধিত খরচ, প্রাপ্য আয়, সম্পত্তির অবচয়, অগ্রিম প্রদত্ত খরচ, অগ্রিম গৃহীত আয়কে হিসাবে ধরা না হলে প্রতিষ্ঠানের সঠিক সম্পত্তি, দায়, মালিকানা স্বত্ব, মুনাফা বা ক্ষতির পরিমাণ জানা সম্ভব হবে না। এমতাবস্থায়, সমন্বয় জাবেদা দাখিলার মাধ্যমে সঠিক মুনাফা বা ক্ষতির পরিমাণ জানা সম্ভব হয়।



## ইউনিট মূল্যায়ন

- ১। সমন্বয় দাখিলার সংজ্ঞা দিন। সমন্বয় দাখিলার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন। (Define adjusting entries. Explain the necessities of adjusting entries.)
- ২। সমন্বয় দাখিলার প্রকারভেদ বর্ণনা করুন। (Describe the types of adjusting entries.)
- ৩। নগদভিত্তিক ও বকেয়াভিত্তিক হিসাবরক্ষণ বলতে কী বোঝায়? নগদভিত্তিক ও বকেয়াভিত্তিক হিসাবরক্ষণের মধ্যে পার্থক্য লিখুন। (What is meant by cash basis and accrual basis of accounting? Show the differences between cash basis and accrual basis of accounting. )
- ৪। সমাপনী দাখিলা ও বিপরীত দাখিলা বলতে কী বোঝায়? (What is meant by closing entries and reversing entries.)
5. The Asia Line Park Motel opened for business on May, 2019. Its trial balance before adjustment on May 31 is as follows.

**Asia Line Park Motel**  
**Trial Balance**  
May 31, 2019

A/c No.	Account Titles	Debit (Tk.)	Credit (Tk.)
101	Cash	10,000	
126	Supplies	1,900	
130	Prepaid Insurance	2,400	
140	Land	15,000	
141	Lodge	60,000	
149	Furniture	16,800	
201	Account Payables		5,300
208	Unearned Rent		3,600
275	Mortgage Payable		35,000
301	Capital		60,000
429	Rent Revenue		19,200
610	Advertising Expenses	10,500	
626	Salaries Expense	3,000	
632	Utilities Expense	3,500	
		<u>Tk. 1,23,100</u>	<u>Tk. 1,23,100</u>

**Other data :**

1. Advertising deferred for next period amounting to Tk. 4,000.
2. Insurance expires at the rate of Tk. 200 per month.
3. Account of supplies shows Tk. 800 of unused supplies on May 31.
4. Annual depreciation is Tk. 2,400 on the lodge and Tk. 3,000 on furniture.
5. The mortgage interest rate is 10%. (The mortgage was taken out on May 1.)
6. Unearned rent of Tk. 2,500 has been earned.
7. Salaries of Tk. 1,800 are accrued and unpaid at May 31.

**Requirement :** Journalize the adjusting entries on May 31.

6. The ledger of Kamal Rental Agency on March 31, 2019 includes the following selected accounts before adjusting entries have been prepared.

Account Titles	Debit (Tk.)	Credit (Tk.)
Prepaid insurance	6,000	
Supplies	2,800	
Equipment	25,000	
Accumulated depreciation-equipment		8,400
Notes payable		20,000
Unearned rent		9,900
Rent Revenue		60,000
Interest expenses	0	
Wages expense	14,000	

An analysis of the account shows the following :

1. The equipment depreciates Tk. 500 per month.
2. One-third of the unearned rent was earned during the quarter.
3. Interest of Tk. 500 is accrued on the notes payable.
4. Supplies on hand total Tk. 900.
5. Insurance expires at the rate of Tk. 1,000 per month.

**Requirements:** Prepare the adjusting entries at March 31, 2019 assuming that adjusting entries are made quarterly. Additional accounts are : Depreciation expense, insurance expense, interest payable, and supplies expense.

7. Mr. Murshed opens Murshed Lawn Care Company on April 1. At April 30, 2019 the trial balance shows the following balances for selected accounts.


Account Titles	Tk.
Prepaid Insurance	36,000
Equipment	2,80,000
Notes Payable	2,00,000
Unearned Revenue	42,000
Service revenue	18,000

Analysis reveals the following additional data.

1. Salaries accrued Tk. 1,000.
2. Prepaid insurance is the cost of a 2-year insurance policy, effective from April 1.
3. Depreciation on the equipment is Tk. 5,000 per month.
4. The note payable is dated April 1. It is a 6-month, 12% note.
5. Seven customers paid for the company's 6 months' lawn service package of Tk. 600 beginning in April. These customers were serviced in April.
6. Lawn services provided other customers but not recorded at April 30 totaled Tk. 10,500.

**Requirement :** Prepare the adjusting entries for the month of April 2019, also show computations.

এ ইউনিটের মুখ্য শব্দসমূহ

	<b>মুখ্য শব্দ</b>	সমন্বয় দাখিলা, নগদভিত্তিক হিসাবরক্ষণ, বকেয়াভিত্তিক হিসাবরক্ষণ, সমাপনী দাখিলা, বিপরীত দাখিলা।
---	-------------------	--